

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নং-৩৮.০০.০০০০.১০৭.১১.০০৬.২০১৬(অংশ-১)-২৩৫৩


তারিখ: ২৮ কার্তিক ১৪৩২  
১৩ নভেম্বর ২০২৫

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ৩ অক্টোবর ২০১৬ তারিখের ৩৮.০০.০০০০.১০৭.১১.০০৬.২০১৬-২৩৫৩ নম্বর স্মারকের বিজ্ঞপ্তিতে সহকারী লাইব্রেরিয়ান-কাম-ক্যাটালগার, উচ্চমান সহকারী-কাম-হিসাবরক্ষক, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও হিসাব সহকারী পদে নিয়োগের নিমিত্ত টেলিটক বাংলাদেশের মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ করা হয়।

২। উক্ত নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার জন্য ২০১৬ সালে অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও হিসাব সহকারী পদে আবেদনকৃত প্রার্থীদের অনলাইন আবেদনে সম্প্রতি তোলা রসিদ ছবি ও স্বাক্ষর আপলোড করা প্রয়োজন। আগামী ১৯ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে রসিদ ছবি ও স্বাক্ষর আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

৩। পাসওয়ার্ড ও আইডি ভুলে গেলে প্রথমে <https://dper2016.teletalk.com.bd/recover.php> ওয়েবসাইটে গিয়ে নিম্নরূপ প্রক্রিয়ায় তা উদ্ধার করা যাবে। উল্লিখিত লিংকে প্রবেশ করলে নিচে দেয়া এরকম একটা ইন্টারফেস আসবে।



সেখানে দুইটি অপশন পাওয়া যাবে --Recover User Id এবং-- Forgot Password। প্রয়োজনীয় অপশনে ক্লিক করে সে অনুযায়ী ফর্ম পূরণ করা যাবে

- পাসওয়ার্ড ভুলে গেলে “User Id, Mobile, DOB” (তারিখ জন্ম) দিয়ে Submit করতে হবে
- User Id ভুলে গেলে “Name, Mobile, DOB, Post Name” সিলেক্ট করে Submit করতে হবে

এভাবে User Id ও Password পুনরুদ্ধার করা যাবে। ২০১৬ সালে আবেদনের সময় যে তথ্য দেয়া হয়েছে ঠিক একই তথ্য দিয়েই পুনরুদ্ধার করতে হবে।

৪। যেসকল প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে সম্প্রতি তোলা রসিদ ছবি ও স্বাক্ষর আপলোড করবেন না তাদের বিপরীতে প্রবেশপত্র ইস্যু করা সম্ভব হবে না। বিষয়টি অতীব জরুরী।

মোঃ মাসুদ হোসেন

যুগ্মসচিব

পরিচালক (প্রশাসন)

ফোন-৫৫০৭৪৮-২৯

ইমেইল-diradmindpe@gmail.com